# যক্ষা ক্লিনিকে পরীক্ষা করা

আপনি বিশেষভাবে প্রশিক্ষিত যক্ষার ডাক্তার বা নার্সের সাথে এইচআইভি পরীক্ষা সম্পর্কে আলোচনা করতে পারেন। সকল তথ্য গোপনীয়তার সাথে সংরক্ষণ করা হয়। যদি আপনি যক্ষা ক্লিনিকে কোনো পরীক্ষা করিয়ে থাকেন, তার ফলাফল আপনার সাধারণ হাসপাতালের নথিতে রেকর্ড করা হবে; এর অর্থ হচ্ছে হাসপাতালে আপনার যত্নের সাথে জড়িত অন্য ডাক্তার বা নার্সরা এই ফলাফলগুলো দেখতে পারবেন, কিন্তু অন্য কেউ দেখতে পারবে না।

# আপনার স্থানীয় যৌন-মূত্রঘটিত চিকিৎসা (জেনিটো-ইউরিনারি মেডিসিন, জিইউএম) ক্লিনিকে পরীক্ষা করা

(আরো তথ্যের জন্য আপনার যক্ষা নার্সের সাথে যোগাযোগ করুন)

- কোনো কোনো ক্লিনিকে, আপনি অ্যাপয়েন্টমেন্ট ছাড়াই যেতে পারেন এবং একজন ডাক্তারের সাথে দেখা করার জন্য অপেক্ষা করতে পারেন; অন্য ক্লিনিকগুলোতে, একটি অ্যাপয়েন্টমেন্ট করার প্রয়োজন হতে পারে।
- অন্য কোনো ডাক্তারের কাছ থেকে আপনার কোনো চিঠি আনার প্রয়োজন নেই।
- এই সব ক্লিনিকের বিশেষভাবে শক্তিশালী গোপনীয়তার আইন রয়েছে।
- আপনার নোটগুলো কখনোই ক্লিনিকের বাইরে যাবে না এবং সেখানে কর্মরত কর্মীরাই শুধু দেখতে পারবেন
- এই ফলাফলগুলো আপনার জিপি>র কাছে প্রকাশ করা হবে না।
- আপনাকে আপনার প্রকৃত নাম, জন্মতারিখ বা ঠিকানা দিতে হবে না, কিন্তু আপনি কোন ব্যক্তিগত বিবরণগুলো দিচ্ছেন তা মনে রাখতে ভুলবেন না।
- যদি আপনি অন্য কোনো ক্লিনিকে পরীক্ষা করাতে চান, তাহলে ন্যাশনাল এইডস হেল্পলাইনে 0800 567 123 নম্বরে বিনামূল্যে ফোন করুন।
- এছাড়াও আপনি আপানার জিপি>র কাছেও এই পরীক্ষাগুলো করাতে পারেন।
- তবে আপনি কোনো দাবি (ক্লেইম) করলে আপনার জিপি একটি পজেটিভ এইচআইভি টেস্ট সম্পর্কে লাইফ বা হেলথ ইন্সুরেন্স কোম্পানিকে তথ্য প্রদান করতে হতে পারে। যদি আপনি এটি নিয়ে উদ্বিগ্ন থাকেন, তাহলে কোনো একটি জিইউএম ক্লিনিকে পরীক্ষা করানোই সবচেয়ে ভালো।

আপনার পরিবার ও বন্ধুদেরকে যক্ষা থেকে সুরক্ষিত রাখুন - যক্ষার সব ঔষধ সেবন করুন

# পরীক্ষা সম্পর্কে পরামর্শ পাওয়ার অন্যান্য উৎসসমূহ

**National AIDS Helpline (NAH)**
**ন্যাশনাল এইডস হেল্পলাইন (এনএএইচ)**
0800 567 123

**African AIDS Helpline**
**আফ্রিকান এইডস হেল্পলাইন**
0800 0967 500 (ওয়েবসাইটঃ www.africaninengland.org)

**Terrence Higgins Trust Helpline**
**টেরেন্স হিগিন্স ট্রাস্ট হেল্পলাইন**
0845 12 21 200 (ওয়েবসাইটঃ www.tht.org.uk)

**Positively Women Helpline**
**পজেটিভলি উইমেন হেল্পলাইন**
020 7713 0222 (ওয়েবসাইটঃ www.positivelywomen.org.uk)

**Blackliners Helpline**
**ব্ল্যাকলাইনার্স হেল্পলাইন**
020 7738 5274

**Mainliners Helpline**
**মেইনলাইনার্স হেল্পলাইন**
020 7582 5434 (ওয়েবসাইটঃ www.mainliners.org.uk)

**TB Alert** (যক্ষা সতর্কীকরণ) হচ্ছে একটি অনন্য দাতব্য কর্মসূচি, যা যুক্তরাজ্যে যক্ষা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করে এবং রোগীদেরকে তথ্য প্রদানের মাধ্যমে এনএইচএস-এর কাজে সহায়তা প্রদান করে।
সকল রোগী যাতে যথাযথ চিকিৎসা লাভ করতে পারেন তা নিশ্চিত করার জন্য আমরা উন্নয়নশীল দেশগুলোতে বিভিন্ন প্রকল্পে সহায়তা প্রদান করি।
আপনাদের সহায়তায় আমরা যক্ষার প্রভাবের উপর বিশ্বব্যাপী একটি ইতিবাচক প্রভাব রাখতে পারি এবং আরো বেশি জীবন রক্ষা করতে পারি।

**TB Alert**,
Community Base,
113 Queens Road,
Brighton BN1 3XG
ফোনঃ 01273 234030

আরো তথ্যের জন্য অথবা এই লিফলেটের কপির জন্য, অনুগ্রহ করে 01273 234 770 নম্বরে যোগাযোগ করুন (শুধুমাত্র অফিস চলাকালীন সময়ে)।
**TB Alert** সাহায্য করতে দান করার জন্য অথবা স্বেচ্ছাসেবা প্রদানের জন্য, অনুগ্রহ করে 01273 234 784 নম্বরে যোগাযোগ করুন (শুধুমাত্র অফিস চলাকালীন সময়ে)।
অথবা www.tbalert.org ঠিকানায় আমাদের ওয়েবসাইটে যান


যক্ষা ও এইচআইভি-এর রোগনির্ণয় ও চিকিৎসা সম্পর্কে এই লিফলেটে তথ্য প্রদানের উদ্দেশ্য হচ্ছে এই বিষয়ে সাধারণ তথ্য প্রদান করা। ডাক্তার, ফার্মাসিস্ট, এবং/অথবা রোগীর যত্ন গ্রহণকারী স্বাস্থ্যসেবা প্রদানকারী অন্য পেশাজীবীদের জ্ঞান, অভিজ্ঞতা, দক্ষতা ও মূল্যায়নের বিকল্প প্রদান করা এর উদ্দেশ্য নয়। রোগনির্ণয় ও চিকিৎসা সম্পর্কিত যে কোনো প্রশ্ন বা উদ্বেগ স্বাস্থ্যসেবা প্রদানকারী পেশাজীবীকে অবহিত করা উচিত।

মূল উন্নয়ন কাজটি করেছে নর্থ ওয়েস্ট লন্ডন টিবি নেটওয়ার্ক

সীমিত গ্যারান্টি সহ একটি কোম্পানি ইংল্যান্ডে নিবন্ধন নংঃ 3606528 নিবন্ধিত দাতব্য প্রতিষ্ঠান নংঃ 1071886 ডিজাইনঃ **worksong**, london 020 8352 8300

for a future without tuberculosis

# যক্ষা (টিবি) আক্রান্ত ব্যক্তিদের জন্য একটি গুরুত্বপূর্ণ পরীক্ষা




NHS

## যক্ষার সাথে এইচআইভি ও এইডসের কী সম্পর্ক রয়েছে?

যুক্তরাজ্যে যক্ষায় আক্রান্ত অধিকাংশ ব্যক্তিরই এইচআইভি নেই। তবে, কিছু কিছু দেশে এইচআইভি/এইডস এবং যক্ষা অনেক ক্ষেত্রে একই ব্যক্তির হয়ে থাকে। এইচআইভি দেহের রোগ প্রতিরোধ ব্যবস্থাকে ক্ষতিগ্রস্ত করে, যার ফলে যক্ষা আরো সহজে বিস্তার লাভ করতে পারে।
কিছু কিছু ব্যক্তি অন্য দেশে বসবাস করার সময় যক্ষায় আক্রান্ত হন যেখানে যক্ষা ও এইচআইভি দুইটিই খুব বেশি হয়ে থাকে। সুতরাং এই দুইটি সংক্রমণ খুব ঘনিষ্ঠভাবে সংযুক্ত - যে কারো এর একটি থাকলে অন্যটির সংস্পর্শেও এসে থাকতে পারেন।

## এইচআইভি/এইডস কী?

- এইচআইভি এর অর্থ হচ্ছে হিউম্যান ইমিউনোডেফিশিয়েন্সি ভাইরাস। এইডস এর অর্থ হচ্ছে অ্যাকোয়ার্ড ইমিউন ডেফিশিয়েন্সি সিনড্রোম।
- এইচআইভি হচ্ছে একটি সংক্রমণ যা অন্য রোগের বিরুদ্ধে, বিশেষকরে সংক্রমণের বিরুদ্ধে দেহের প্রতিরক্ষা ব্যবস্থাকে ক্ষতিগ্রস্ত করে।
- যখন এইচআইভি সংক্রমণের সাথে অন্য সুনির্দিষ্ট কিছু রোগ হয়ে থাকে তখন ওই ব্যক্তির এইডস আছে বলে বলা হয়।

## এইচআইভি>র বিস্তৃতি কেমন?

এইচআইভি সারাবিশ্বজুড়ে পাওয়া যায়। কিন্তু কিছু কিছু এলাকা আছে - যেমন সাহারার নিকটবর্তী আফ্রিকা, দক্ষিণ এশিয়া ও পূর্ব ইউরোপ - যেখানে এইচআইভি বেশি পাওয়া যায়।

যুক্তরাজ্যে, ধারণা করা হয় যে 30,000-এরও বেশি মানুষ এইচআইভি নিয়ে বেঁচে আছেন এবং এই সংখ্যা প্রতিনিয়ত বাড়ছে, এবং প্রতি বছর 6500-এরও বেশি মানুষ প্রথমবারের মত এইচআইভি পজেটিভ ফলাফল পাচ্ছেন। সারাবিশ্বজুড়ে, এইচআইভি ছড়ানোর সবচেয়ে বড় মাধ্যম হচ্ছে পুরুষ ও মহিলাদের মধ্যে যৌনক্রিয়া, তবে পুরুষদের মধ্যে প্রাপ্ত নতুন ঘটনাগুলোর মধ্যে অন্য পুরুষদের সাথে যৌনক্রিয়া করা পুরুষদের সংখ্যা উচ্চ রয়ে গেছে।

## এইচআইভি এবং এইডসের জন্য কী কোনো নিরাময় আছে?

অ্যান্টি-এইচআইভি ঔষধের মাধ্যমে এইচআইভি-এর প্রভাব নিয়ন্ত্রণ করা যায় এবং এমনকি উল্টে দেয়া যায়। এই মুহূর্তে এইচআইভি বা এইডসের কোনো নিরাময় নেই। তবে, গবেষণায় দেখা গেছে যে অ্যান্টি-এইচআইভি ঔষধ গ্রহণকারী ব্যক্তিরা আরো বেশি দিন বেঁচে থাকেন এবং ভালো বোধ করেন। যদি আপনি জানেন যে আপনি এইচআইভি পজেটিভ, তাহলে আপনি অন্যদের কাছে সংক্রমণ ছড়ানোর ঝুঁকি কমানোর জন্য পদক্ষেপ গ্রহণ করতে পারেন।

## কীভাবে এইচআইভি ছড়ায়?

- কনডম ছাড়া যোনিপথে বা পায়ুপথে যৌনক্রিয়া করার মাধ্যমে। মুখের মাধ্যমে অরক্ষিত যৌনক্রিয়াও কিছুটা ঝুঁকি বহন করে।
- গর্ভধারণের সময়, জন্মের সময় বা বুকের দুধ খাওয়ানোর মাধ্যমে মায়ের কাছ থেকে শিশুর দেহে।
- সুঁই, সিরিঞ্জ বা অন্যান্য ড্রাগ-ইনজেক্টকারী যন্ত্রপাতির মাধ্যমে।
- অপরীক্ষিত রক্ত বা রক্তসামগ্রীর দিয়ে চিকিৎসা করার মাধ্যমে।

## এইচআইভি পরীক্ষা

### পরীক্ষাতে কী কী অন্তর্ভুক্ত রয়েছে?

আপনার বাহু থেকে রক্তের একটি ছোট নমুনা সংগ্রহ করা হবে, একটি পরীক্ষাগারে পাঠানো হবে এবং পরীক্ষা করা হবে।

আপনি হয়তো ইতিমধ্যেই ক্লিনিকে আপনার রক্ত পরীক্ষা করিয়েছেন, কিন্তু আমরা শুধুমাত্র আপনার সম্মতি ও অনুমতির মাধ্যমেই এইচআইভি পরীক্ষা করতে পারি। সকল এইচআইভি পরীক্ষা বিনামূল্যে করা হয়।

## আমি ফলাফল পেতে কী পরিমাণ সময় লাগবে?

ফলাফল পেতে সাধারণত ৩ কর্মদিবস সময় লাগে। ফলাফল যাই হোক না কেন, একজন স্বাস্থ্যসেবা প্রদানকারী পেশাজীবী আপনাকে তা ব্যক্তিগতভাবে প্রদান করবেনঃ ফোনের মাধ্যমে ফলাফল দেয়া সম্ভব নয় এবং কাগজে লেখা ফলাফলের কপি সাধারণত রোগীদের হাতে প্রদান করা হয় না।

## ফলাফল আমাকে কী জানায়?

### এইচআইভি নেগেটিভ

এর অর্থ হচ্ছে আপনার এইচআইভি নেই যদি না আপনি পরীক্ষার ৩ মাস আগে এইচআইভি-এর সংস্পর্শে আসেন। যদি আপনি গত ৩ মাসের মধ্যে এইচআইভি-এর সংস্পর্শে আসেন তাহলে হয়তো পরীক্ষায় তা ধরা পড়বে না (<সুপ্তি> কাল)। আপনি এইচআইভি-এর সংস্পর্শে আসার সর্বশেষ ঝুঁকির ৩ মাস পর আরেকবার পরীক্ষা করার জন্য আপনাকে পরামর্শ দেয়া হতে পারে।

### এইচআইভি পজেটিভ

আপনার এইচআইভি আছে। দ্বিতীয় আরেকটি এইচআইভি পরীক্ষার মাধ্যমে এই ফলাফল যাচাই করা হয় (ভুল হওয়ার সম্ভাবনা খুবই কম)। এইচআইভি/এইডস-এর একজন বিশেষজ্ঞের সাথে আপনি একটি গোপনীয় বৈঠকে মিলিত হবেন, তিনি আপনাকে রোগনির্ণয় পরবর্তী পরিস্থিতির সাথে মানিয়ে নিতে সাহায্য করবেন এবং যে কোনো প্রয়োজনীয় চিকিৎসার ব্যবস্থা করবেন।

## কারা এই ফলাফল সম্পর্কে জানতে পারবে?

পরীক্ষার ফলাফল কঠোরভাবে গোপনীয় এবং শুধুমাত্র আপনি ও আপনার চিকিৎসার সাথে জড়িত কর্মীদের মধ্যে সীমাবদ্ধ থাকবে। আপনার অনুমতি ছাড়া অন্য কাউকে ফলাফল সম্পর্কে জানানো হবে না। আপনার স্বামী/স্ত্রী অথবা আপনার পরিবার বা বন্ধুদের কাউকে, আপনার নিয়োগকর্তা, আপনার বাড়িওয়ালা, সরকার, হোম অফিস বা ইমিগ্রেশন সার্ভিস কাউকেই ফলাফল সম্পর্কে জানানো হবে না।

## এইচআইভি পরীক্ষা করার জন্য বা পরীক্ষা সম্পর্কে আলোচনা করার জন্য আমি কোথায় যেতে পারি?

আপনি যক্ষা ক্লিনিকে পরীক্ষাটি করাতে পারেন কিন্তু অন্যান্য আরো অনেক জায়গা আছে যেখনে আপনি পরীক্ষা করাতে পারেন বা আপনার কোনো উদ্বেগ সম্পর্কে আলোচনা করতে পারেন।